ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র




# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে





Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৪৫ ● কলকাতা ● ০৩ ফাল্গুন, ১৪৩১ ● রবিবার ● ১৬ ফেব্রুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## রোগীর বাবাকে দিয়ে বমি পরিষ্কার, শোকজ শান্তিপুর হাসপাতালের ডাক্তার





স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

শান্তিপুর হাসপাতালে রোগীর বাবাকে দিয়ে বমি পরিষ্কার করানোর ঘটনায় আরও কড়া পদক্ষেপ স্বাস্থ্যদপ্তরের। এবার অভিযুক্ত চিকিৎসক তন্ময় সরকারকে শোকজ করা হল। ৭২ ঘণ্টার মধ্যে তিন সদস্যের কমিটির কাছে জবাব দেওয়ার নির্দেশ দেওয়া

এরপর ৩ পৃষ্ঠায়


# সরকারে বহিরাগত হস্তক্ষেপ নয়, বললেন ধনকড়



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

সুপ্রিম কোর্টের নির্দেশের ঊর্ধ্বে গিয়ে নয়া আইন এনেছে নরেন্দ্র মোদি সরকার। নির্বাচন কমিশনার নিয়োগ কমিটি থেকে বাদ দেওয়া হয়েছে প্রধান বিচারপতিকে। নয়া নির্বাচন কমিশনার নিয়োগের আগে 'ক্ষমতা পৃথকীকরণের' কথা শোনা গেল উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড়ের মুখে। কার্যনির্বাহী আধিকারিক নিয়োগে প্রধান বিচারপতিকে কেন রাখা হবে, প্রশ্ন তুলেছেন তিনি।যদিও এ নিয়ে সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি অশোক গঙ্গোপাধ্যায় বলেন, "গণতন্ত্র বলতে উনি কী বলছেন, বুঝতে চাইছেন, জানি না। কিন্তু আমাদের দেশে যে গণতন্ত্র প্রতিষ্ঠিত, সেটা সাংবিধানিক গণতন্ত্র। এতে প্রধান বিচারপতির পদ সাংবিধানিক। নির্বাচন কমিশনার নিয়োগে স্বচ্ছতা রাখতে শীর্ষ আদালতের অবস্থান সংবিধান স্বীকৃত, আইনে স্বীকৃত। উপরাষ্ট্রপতি হয়ে তিনি সেই আইনকে, সংবিধানকে কী করে চ্যালেঞ্জ করেন জানি না। তিনি তো সংবিধানের নামে শপথ নিয়েছেন!" ধনকড়ের মন্তব্যে বিতর্ক শুরু হয়েছে।সময় এই মন্তব্য করলেন ধনকড়, তা

এরপর 3 পাতায়




# বাসুদেবপুর ও কুশমাড় গ্রামে চোলাই মদের বিরুদ্ধে অভিযান, উদ্ধার বিপুল পরিমাণ চোলাই মদ



**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম**

গ্রামেগঞ্জে চোলাই মদের রমরমা ব্যবসা নিয়ে একাধিকবার সরব হয়েছেন গ্রামবাসীরা।খবরের জেরে ফের হানা দিয়ে অবৈধ চোলাই মদ বাজেয়াপ্ত করল বেলিয়াবেড়া থানার পুলিশ। বেলিয়াবেড়া থানার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে ৩০ লিঃ চোলাই মদ ও ২০০ লিঃ চোলাই মদ তৈরির উপকরণসহ উদ্ধার করে নষ্ট করে দেয় বেলিয়াবেড়া থানার পুলিশ। শনিবার অভিযান চালানো হয় বেলিয়াবেড়া থানার বাসুদেবপুর,কুশমাড় সহ গোপীবল্লভপুর ২ নং ব্লকের বিস্তীর্ণ এলাকায়। বেলিয়াবেড়া থানার ওসি সুদীপ পালোধী জানান, বেআইনিভাবে মদ তৈরির করার অভিযোগ পেয়ে ওই গ্রামগুলিতে গিয়ে অভিযান চালিয়ে ৩০ লিটার চোলাই মদ ও ২০০ লিটার চোলাই মদ তৈরির উপকরণ বাজেয়াপ্ত করে নষ্ট করে দেওয়া হয়েছে। কোথাও চোলাই মদ ভর্তি জ্যারিকেন, কোথাও বা হাঁড়ি বোঝাই গুড় মেলে।সব কিছু ফেলে দিয়ে নষ্ট করে দেয় বেলিয়াবেড়া থানার পুলিশ।অভিযান চালিয়ে বিপুল পরিমাণে চোলাই মদ উদ্ধার করা হয়েছে । চোলাই মদ এর বিরুদ্ধে পুলিশের অভিযান অব্যাহত থাকবে বলে জানানো হয় ।তবে পুলিশ এলাকায় অভিযান চালাতে গেলে চোলাই মদ ব্যবসায়ীরা পালিয়ে যায় ।যার ফলে কাউকে পুলিশ আটক করতে পারেনি। সেই সঙ্গে শনিবার চোলাই মদের ঠেক ভেঙে গুঁড়িয়ে দেওয়া হয়েছে বলে পুলিশের পক্ষ থেকে জানানো হয়। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ প্রতিনিয়ত এই এলাকায় মদ খেয়ে গন্ডগোলের ঘটনা ঘটে। পুলিশের পক্ষ থেকে যদি সঠিকভাবে পদক্ষেপ গ্রহণ করে তাহলে এই এলাকায় কোনো অপ্রীতিকর ঘটনা ঘটবে না। এদিন বেলিয়াবেড়া থানার ওসি সুদীপ পালোধী এর নেতৃত্বে চোলাই মদের বিরুদ্ধে অভিযানে খুশি এলাকার মানুষজন। পুলিশের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন সাধারণ মানুষজন।

## সৌরবিদ্যুৎ-এর ব্যবহার করতে উদ্যোগী রাজ্য



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

কৃষিকার্যের ওপর নির্ভর করে জীবিকা অর্জন করেন পশ্চিমবঙ্গের গ্রাম বাংলার বহু পরিবার। কৃষকদের আর্থিক ভাবে সাহায্য করার জন্য অনেক আগেই কৃষকবন্ধু প্রকল্প চালু করেছে পশ্চিমবঙ্গ রাজ্য সরকার। তবে এবারের রাজ্য বাজেটে কৃষকদের জন্য কোনো বরাদ্দ না থাকায় বিরাট সমালোচনার মুখে পড়েছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী।জানা যাচ্ছে এই বিষয়ে সেচ, কৃষি এবং জলসম্পদ দপ্তরের সঙ্গেও আলোচনা চলছে। এছাড়াও তিনি জানিয়েছেন, মিড ডে মিলে রান্নার গ্যাসের বদলে সৌরশক্তির ব্যবহার বাড়ানো যেতে পারে। এই বিষয়ে তিনি জানিয়েছেন, স্কুলের ছাদে সোলার প্যানেল ব্যবহার করে কীভাবে জ্বালানির জোগান দেওয়া যায়, সেই বিষয়ে পদক্ষেপ করা হবে। খুব তাড়াতাড়ি এই বিষয়ে সরকারি ঘোষণা করারও ইঙ্গিত

এরপর ৪ পাতায়

# সরযূতে বিসর্জন রামমন্দিরের পূজারির দেহ! জলদূষণের অভিযোগে সোচ্চার বিশেষজ্ঞরা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভয়ংকর। অমানবিক। মধ্যযুগীয়। নাকি অশিক্ষার পরিণতি! ২০২৫ সালে দাঁড়িয়ে ঘটনাটিকে কীভাবে বর্ণনা করা যায়- তা হয়তো বলা সম্ভব নয়। যে দেশ বিধবা বিবাহ চালু, বাল্যবিবাহ রদের মতো ঘটনার ইতিহাস বহন করে চলেছে, সেই দেশেই আরও স্পষ্ট করে বললে, উত্তরপ্রদেশের এক ঘটনায় স্তম্ভিত গোটা দেশ।অন্যদিকে, রহড়া রামকৃষ্ণ মিশন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক স্বামী মুরালীধরানন্দ মহারাজ বলেন, ''অতীতে এমন জলসমাধির প্রচলন ছিল। আমিও এমন কয়েকটির ঘটনার সাক্ষী



ছিলাম। কিন্তু, পরবর্তীতে তা নিষিদ্ধ করা হয়। কেন নিষিদ্ধ করা হয়েছে, তার সঠিক কারণ আমার জানা নেই। তবে, এখন এমন ঘটে না। বহু দিন আগেই জলসমাধি বন্ধ করে দেওয়া হয়েছে। আবার কী কারণে, এমন ঘটনা ঘটল সেটা ওঁরাই বলতে পারবেন।'' প্রসঙ্গত, নির্বানী আখড়ার একজন সদস্য হিসাবে ২০ বছর বয়স থেকেই আধ্যাত্মিক সেবায় জীবন উৎসর্গ করেছিলেন আচার্য সত্যেন্দ্র দাস।

এ ভাবে জলসমাধির খবর সামনে আসতেই সুর চড়িয়েছে বিরোধীরা। তাদের অভিযোগ, নরেন্দ্র মোদি সরকার যেখানে জলদূষণ রোধের নামে কোটি কোটি টাকা খরচ করছে, সেখানে এভাবে দেহ জলে ফেলে জলদূষণ করা হচ্ছে। আর বিজেপি নেতারা নীরব দর্শকের ভূমিকা পালন করছেন। এটা অত্যন্ত দুঃখের।

অযোধ্যার রামমন্দিরের প্রধান পুরোহিত আচার্য সত্যেন্দ্র দাসকে বৃহস্পতিবার সন্ধ্যায় সরযূ নদীতে 'জলসমাধি' দিয়ে

এরপর ৩ পাতায়






(১ম পাতার পর)

# সরকারে বহিরাগত হস্তক্ষেপ নয়, বললেন ধনকড়

অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ নির্বাচন কমিশনার নিয়োগ কমিটি থেকে প্রধান বিচারপতিকে বাদ দেওয়া নিয়ে মামলা হয়েছে সুপ্রিম কোর্টে। সেই মামলার শুনানি যেমন রয়েছে, তেমনই নয়া নির্বাচন কমিশনার নিয়োগের বৈঠকও রয়েছে।

শুক্রবার মধ্যপ্রদেশের ভোপালে ন্যাশনাল জুডিশিয়াল অ্যাকাডেমি-র একটি অনুষ্ঠানে এই মন্তব্য করেন ধনকড়। তাঁর মন্তব্য, "আমাদের দেশই হোক বা অন্য কোনও গণতান্ত্রিক দেশে, CBI ডিরেক্টর নিয়োগে প্রধান বিচারপতি শামিল হন কী করে? এটা কি যুক্তিযুক্ত? যে সময় এই নিয়ম চালু হয়, কার্যনির্বাহী বিভাব আদালতের রায়ের সামনে নতি স্বীকার করে। কিন্তু বিষয়টি পর্যালোচনার সময় এসেছে। কারণ এটা গণতন্ত্রের পরিপন্থী। কার্যনির্বাহী আধিকারিক নিয়োগে প্রধান বিচারপতিকে কেন যুক্ত করা হবে?"১৮ ফেব্রুয়ারি মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমারের কার্যকালের মেয়াদ শেষ হচ্ছে। নয়া মুখ্য নির্বাচন কমিশনার নিয়োগ নিয়ে সোমবার, অর্থাৎ ১৮ ফেব্রুয়ারি বৈঠক হতে চলেছে। ২০২৩ সালের Chief Election Commissioner And Other Election Commissioners আইনের আওতায় নয়া নির্বাচন কমিশনার নিযুক্ত হওয়ার কথা। ২০২৩ সালের মার্চ মাসে সুপ্রিম কোর্ট জানিয়েছিল, নির্বাচন কমিশনার নিয়োগ কমিটিতে প্রধানমন্ত্রী, লোকসভার বিরোধী দলনেতা এবং প্রধান বিচারপতিকে রাখতে হবে। সেই রায়ের পরই নয়া আইন আনে কেন্দ্রের মোদি সরকার। নয়া আইনে নির্বাচন কমিশনার নিয়োগ কমিটি থেকে বাদ দেওয়া হয় প্রধান বিচারপতিকে। পরিবর্তে আইনমন্ত্রীকে কমিটির অন্তর্ভুক্ত করা হয়। নয়া এই আইনে তীব্র আপত্তি জানিয়েছেন বিরোধীরা। নিজেদের রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করতেই নয়া আইন আনা হয়েছে বলে দাবি তাঁদের। বিরোধীদের যুক্তি, আগে অন্তত নিরপেক্ষ সিদ্ধান্তে উপনীত হওয়ার অবকাশ ছিল। কিন্তু নয়া কমিটিতে সরকার পক্ষের পাল্লা ভারী। নিজেদের পছন্দের লোককেই ক্ষমতায় বসাতেই নয়া আইন আনা হয়েছে।এই নয়া আইনের বিরুদ্ধে ইতিমধ্যেই শীর্ষ আদালতে মামলা দায়ের হয়েছে। ১৯ ফেব্রুয়ারি আদালতে সেই মামলার শুনানি রয়েছে। আর তার একদিন আগেই নয়া নির্বাচন কমিশনার নিয়োগের বৈঠকে যোগ দেবেন প্রধানমন্ত্রী মোদি, আইনমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল এবং বিরোধী দলনেতা রাহুল গাঁধী। আর সেই আবহেই কার্যনির্বাহী আধিকারিক নিয়োগে প্রধান বিচারপতির প্রয়োজনীয়তা নিয়ে প্রশ্ন তুললেন ধনকড়। তাঁর বক্তব্য, "বৈচারিক ডিক্রির মাধ্যমে কার্যনির্বাহী শাসন কায়েম সংবিধানের পরিপন্থী। পৃথিবীর বৃহত্তম গণতন্ত্রে এমনটা আর চলতে পারে না। প্রতিষ্ঠানগুলি এক্তিয়ার ভুলে গেলে বিস্মৃতির ক্ষত দিয়েই গণতন্ত্রকে মনে রাখা হয়। সাংবিধানিক এক্তিয়ারের মধ্যে থেকে, জাতীয় স্বার্থের কথা মাথায় রেখে, সহযোগিতাপূর্ণ আচরণ বজায় রেখেই প্রতিষ্ঠানগুলিকে চলতে হবে।"ধনকড়ের দাবি, কার্যনির্বাহী ক্ষেত্রে মানুষের ইচ্ছের প্রতিফলন ঘটাই কাম্য। নির্বাচিত সরকার সেই কাজে দায়বদ্ধ। আইনের কাছে দায়বদ্ধ নির্বাচিত সরকার। সেই ক্ষমতা না থাকলে দায়বদ্ধতা থাকবে না। শাসনকার্যের সবকিছু সরকারের হাতেই থাকা উচিত। বাইরের কারও হস্তক্ষেপ ঘটলে, তা গণতন্ত্রের মৌলিক চরিত্রের পরিপন্থী বলে দাবি ধনকড়ের। গণতন্ত্রে কর্তৃত্বের অহঙ্কারের জায়গা নেই বলেও দাবি করেন তিনি।

(২ পাতার পর)

# সরযূতে বিসর্জন রামমন্দিরের পূজারির দেহ! জলদূষণের অভিযোগে সোচ্চার বিশেষজ্ঞরা

সমাহিত করা হয়েছে। বুধবার ব্রেন স্ট্রোকে ৮৫ বছর বয়সে তিনি মারা যান। দাসের মরদেহ তাঁর বাসভবন থেকে পালকিতে করে সরযূ নদীর তীরে নিয়ে যাওয়া হয়, যেখানে তাঁকে তুলসীদাস ঘাট থেকে নিয়ে গিয়ে জলে সমাহিত করা হয়।

ভাইরাল হওয়া এক ভিডিওতে দেখা গিয়েছে, নৌকা করে এনে হাত-পা বাঁধা অবস্থায় দেহটিকে মাঝ নদীতে ফেলে দেওয়া হল। প্রসঙ্গত, বৃহস্পতিবার বিকেলে, তাঁর দেহ রথে করে শোভাযাত্রার মাধ্যমে শহর প্রদক্ষিণ করানো হয়। তাঁর উত্তরসূরি প্রদীপ দাস সংবাদমাধ্যমকে বলেন, রামানন্দী সম্প্রদায়ের ঐতিহ্য অনুসারে, দাসকে জলে সমাধি দেওয়া হয়। 'জলসমাধি'র অংশ হিসাবে, দেহটি নদীর মাঝখানে ফেলার আগে ভারী পাথর বেঁধে দেওয়া হয়। যাতে সেটি কোনওভাবেই ভেসে উঠতে না পারে।

আজকের দিনে এভাবে জলসমাধি দেওয়ার বিষয়টি নিয়ে শুরু হয়েছে বিতর্ক। এ প্রসঙ্গে নদী বিশেষজ্ঞ কল্যাণ রুদ্র বলেন, এর ফলে জলের দূষণ ভয়ংকর হবে। কারণ, কোনও দেহ জলে ফেলে দিলে জৈব রাসায়নিক অক্সিজেনের চাহিদা বাড়বে। ফলে জলের গুণগত মান কমতে থাকবে। এ ছাড়াও দেহটিতে ব্যাকটেরিয়া বাসা বাঁধবে। যা জলের ক্ষতি করবে। জলদূষণের মাত্রা বাড়াবে। বিশেষজ্ঞ রুদ্রের মতে, আজকের দিনে এমন ঘটনা সত্যিই আশ্চর্যের।

(১ম পাতার পর)

# রোগীর বাবাকে দিয়ে বমি পরিষ্কার, শোকজ শান্তিপুর হাসপাতালের ডাক্তার

হয়েছে তাঁকে।ওই ঘটনাকে কেন্দ্র করে তুমুল আলোচনা শুরু হয়েছে। আগেই শান্তিপুর স্টেট জেনারেল হাসপাতালের সুপার ও সিএমওএইচের কাছ থেকে রিপোর্ট তলব করেছে স্বাস্থ্যভবন। গঠন করা হয়েছে তিনসদস্যের কমিটি। এবার অভিযুক্ত চিকিৎসককে শোকজ করল স্বাস্থ্যদপ্তর।ঘটনা ঠিক কী? গত শুক্রবার শান্তিপুর হরিপুর মেলের মাঠ এলাকার বাসিন্দা সমীর শীলের পাঁচ বছরের শিশুকন্যা জ্বর ও বমির সমস্যায় ভুগছিল।মেয়েকে নিয়ে শান্তিপুর স্টেট জেনারেল হাসপাতালে চিকিৎসা করাতে নিয়ে যান। জরুরি বিভাগে সেসময় কর্মরত ছিলেন চিকিৎসক তন্ময় সরকার। শিশুর শারীরিক পরীক্ষার সময় সে জরুরি বিভাগের দরজার কাছে বমি করে দেয়। অভিযোগ, শিশুকন্যার বাবাকে দিয়ে বমি পরিষ্কার করান জরুরি বিভাগে কর্তব্যরত ওই চিকিৎসক। সমীরবাবু প্রথমে প্রতিবাদ করলেও চিকিৎসক তাঁকে পরিষ্কার করতে কার্যত বাধ্য করেন। হাসপাতালে এই ঘটনার একটি ভিডিও ভাইরাল হয়েছে, যেখানে চিকিৎসককে বলতে শোনা যাচ্ছে, "বাসে-ট্রেনে মেয়ে গায়ে বমি করলে কি পরিষ্কার করতেন না?" যদিও সেই ভিডিওর সত্যতা যাচাই করেনি সংবাদ প্রতিদিন ডিজিটাল।

## সম্পাদকীয়

# 'দেখে শিখুন বিশ্বনেতারা', মোদির ট্রাম্প-টোটকায় মুগ্ধ মার্কিন সংবাদমাধ্যম

তাঁকে দরাজ সার্টিফিকেট দিয়েছিলেন ডোনাল্ড ট্রাম্প। এবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রশংসায় পঞ্চমুখ মার্কিন সংবাদমাধ্যমও। তাদের দাবি, যেভাবে মার্কিন প্রেসিডেন্টের সঙ্গে দর কষাকষি করেছেন, তা দেখে শেখা উচিত অন্য বিশ্বনেতাদের।উল্লেখযোগ্য, বৈঠকের আগেই অবশ্য ট্রাম্প ঘোষণা করেন, এবার পারস্পরিক শুল্ক আরোপের পথে হাঁটবে আমেরিকা। যা থেকে পরিষ্কার হয়ে যায়, এর প্রভাব ভারতের উপরেও পড়তে চলেছে। এই পরিস্থিতিতে মোদির সঙ্গে ট্রাম্পের বৈঠকের মেজাজ কেমন থাকবে, সেই প্রশ্ন ছিলই। কিন্তু কূটনৈতিক দুনিয়ায় শেষপর্যন্ত দেওয়ানেওয়ার গল্পে কে কী পেল সেটাই আসল। সেক্ষেত্রে বৈঠক থেকে দিল্লির প্রাপ্তি কী হবে তা নিয়েই ছিল আলোচনা। শেষপর্যন্ত দেখা যায় ভারতের প্রাপ্তির ঝুলিতে রয়েছে এফ-৩৫ যুদ্ধবিমান এবং আরও বহু কিছুই।সিএনএন-এর বর্ষীয়ান সাংবাদিক উইল রিপ্লে বলছেন, 'এর আগে ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে জাপানের প্রধানমন্ত্রী ইশিবার অত্যন্ত সদর্থক বৈঠক আমরা দেখেছি।একই ভাবে অত্যন্ত সদর্থক বৈঠক করতে দেখলাম প্রধানমন্ত্রী মোদিকেও। এটা বিশ্বের অন্য নেতাদের কাছে একটা 'মাস্টারক্লাস'। যা দেখে তাঁরা বুঝে নিতে পারবেন কী করে প্রেসিডেন্ট ট্রাম্পের সঙ্গে দরাদরি করতে হয়।"এক্স হ্যান্ডলেও তিনি লিখেছেন, 'প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিষয়টা বুঝতে পেরেছেন। অথচ এটা খারাপ দিকে যেতে পারত। উনি ওয়াশিংটন ডিসিতে থাকাকালীনই ট্রাম্প পারস্পরিক শুল্কের ঘোষণা করেছেন। বাণিজ্যের এই সংঘাতের সময়ও উভয় পক্ষ সম্ভাব্য বাণিজ্য চুক্তি, জ্বালানি, সামরিক বিষয়ে কার্যকরী সিদ্ধান্ত নিয়েছেন। মিগা প্লাস মাগা ইজ ইকুয়াল টু মেগা, ট্রাম্পের সঙ্গে একটি চতুর ব্র্যান্ডিং। অন্য নেতারা দেখে শিখুন।' প্রসঙ্গত, সেদিনের বৈঠকশেষে মোদি বলেন, "প্রেসিডেন্ট ট্রাম্প প্রায়ই বলেন 'মাগা'র কথা। আর ভারতে আমরা বিকশিত ভারতের কথা বলি। অর্থাৎ মার্কিন ধারা অনুসারে সেটাকে বলা যায় 'মিগা'। আর একসঙ্গে মিলে ভারত ও আমেরিকা উন্নতির লক্ষ্যে একটি 'মেগা' জোট তৈরি করবে।"

প্রসঙ্গত, মোদিতে নিজের মুগ্ধতার কথা জানিয়েছিলেন ট্রাম্প। তিনি বলেন, "আমার থেকে অনেক ভালোভাবে, অনেক শক্ত হয়ে দর কষতে পারেন মোদি। ওঁর ধারেকাছেও নেই আমি।" মোদিকে মহান নেতা বলেও দরাজ সার্টিফিকেট দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট। সেই সুরই বজায় রাখল মার্কিন সংবাদমাধ্যমও।

# আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(আটত্রিশতম পর্ব)



মন্দির সংলগ্ন যে পুকুরটি দেখতে পাওয়া যায় সেটাই নাকি পুরাকালের কালীকুন্ড। যার সাথে আদি গঙ্গার যোগ ছিল।

জনপ্রবাদ এই কুন্ড পারেই নাকি সতীর প্রস্থরবৎ পায়ের আঙুল পাওয়া যায়। মন্দিরে মধ্যে একটি সিন্দুকে সতীর প্রস্তরীভূত অঙ্গটি রক্ষিত আছে; এটি কারোর সামনে বের করা হয় না।

এরই মধ্যে কলকাতায় পর্তুগিজদের পর্তুগিজ চার্চ ১৭৯৯ খৃষ্টাব্দে নির্মিত হয়ে গেছে। সে সময়ে কলকাতা শহরে কোন মসজিদ দেখা যায় না। ১৮০৪ খৃষ্টাব্দে ভোসরি শাহ মসজিদ বলে উত্তর

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)

# সৌরবিদ্যুৎ-এর ব্যবহার করতে উদ্যোগী রাজ্য

দিয়েছেন তিনি। পাশাপাশি সচিব জানিয়েছেন, জৈব বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন বাড়ানোর কথা। তাঁর দাবি, এই রাজ্যে এই বিদ্যুৎ উৎপাদনের প্রভূত সম্ভাবনা রয়েছে। এক্ষেত্রে বেঙ্গল গ্যাস কোম্পানি লিমিটেডের সঙ্গে একযোগে কাজ করতে ইচ্ছুক তাঁরা।তবে সব অভিযোগ দূরে রেখে, রাজ্যের কৃষকদের সুবিধার জন্য এবার এক দারুন উদ্যোগ নিতে চলেছেন রাজ্যের প্রশাসনিক কর্তারা।

জানা যাচ্ছে, রাজ্যে কৃষিকাজে সেচের জন্য যে পাম্প চলে, সেখানে যাতে সৌরবিদ্যুৎ ব্যবহার করা যায়, এবার তার জন্যই উদ্যোগ নিতে শুরু করেছেন প্রশাসনিক কর্তারা। এছাড়াও স্কুলগুলিতে মিড ডে মিলের রান্নার কাজে যাতে এলপিজির বদলে সৌরবিদ্যুতের ব্যবহার করা যায়, সেই চেষ্টাও চলছে। বুধবার শহরের বণিকসভা আয়োজিত একটি অনুষ্ঠানে এমনটাই জানিয়েছেন প্রশাসনিক কর্তারা।রাজ্যের অচিরাচরিত ও পুনর্নবীকরণযোগ্য শক্তি দপ্তরের মন্ত্রী গোলাম রব্বানি এপ্রসঙ্গে জানিয়েছেন, রাজ্যে যে বিদ্যুৎ ব্যবহৃত হয়, তার ২০ শতাংশ যাতে অচিরাচরিত ক্ষেত্র থেকে আসে, সেই লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে রাজ্য সরকার। বাস্তবেও এই লক্ষ্যমাত্রা পূরণ করার জন্য কৌশলগত পদক্ষেপ করা হচ্ছে, বলেই দাবি করেছেন মন্ত্রী। এক্ষেত্রে উদাহরণ দিয়ে তিনি জানিয়েছেন, পুরুলিয়ার ৯০০ মেগাওয়াট পাম্প স্টোরেজ প্রকল্প এমনই একটি পদক্ষেপ।

বিভাগীয় সচিব বরুণ রায় এপ্রসঙ্গে বলেছেন, অচিরাচরিত শক্তির উৎপাদন ও ব্যবহার জনপ্রিয় করতে গেলে উদ্ভাবনী চিন্তাভাবনা করার দরকার। সৌরবিদ্যুৎ,বায়ুশক্তিকে এবং বায়োমাসকে একযোগে কাজে লগিয়ে কীভাবে হাইব্রিড পদ্ধতি ব্যবহার করা যায়, সেই বিষয়েও উদ্যোগ নিতে হবে। তিনি জানিয়েছেন, বর্তমানে গ্রামের দিকে জলসেচের জন্য যে পাম্পগুলি চলে, সেখানে হয় গ্রিড থেকে বিদ্যুৎ আসে, আর তা নাহলে পেট্রোলিয়ামের মতো জ্বালানি ব্যবহার করা হয়। এগুলিকেই এবার সৌরবিদ্যুৎ চালিত পাম্পে পরিণত করার চেষ্টা চলছে।

# শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



-: মৃত্যুঞ্জয় সরদার :-

বন্ধুটি কার্তিকের কাছে জানতে চায় কি করে তাদের মিলন সম্ভব হল, তখন কার্তিক তাকে ষোল সোমবারের ব্রতকথা জানায়। সেও নিষ্ঠাভরে তা পালন করে।সেই বন্ধুটি বিয়ের ব্যাপারে খুব উৎসাহী ছিল। একদিন এক দেশে সে যায়, যেখানে রাজার মেয়ের স্বয়ম্বর চলছিল। ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# প্রতুলকে চোখের জলে শেষ বিদায় মমতার

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

দীর্ঘ অসুস্থতার পর শনিবার শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন বিশিষ্ট সঙ্গীতশিল্পী প্রতুল মুখোপাধ্যায়। তাঁর প্রয়াণে শোকস্তব্ধ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বিকেলে রবীন্দ্রসদনে গায়ককে শেষ শ্রদ্ধা জানাতে যান তিনি । সেখানে গিয়ে আবেগপ্রবণ হয়ে পড়লেন মুখ্যমন্ত্রী । সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন,' মৃত্যু সংবাদ শুনে নিজেকে আর সামলাতে পারছিলাম না ।শনিবার সকালেই এসএসএকেএম হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন বাংলা গানের খ্যাতনামা শিল্পী তথা গীতিকার প্রতুল মুখোপাধ্যায়। মৃত্যুকালে বয়স হয়েছিল ৮২ বছর । ভুগছিলেন নিউমোনিয়ায়, পরে অন্ত্রে অপারেশন হয় তাঁর। তারপর হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু হয় 'বাংলায় গান গাই'-এর স্রষ্টার। উল্লেখ্য, ১৯৪২ সালের ২৫ জুন অবিভক্ত বাংলার বরিশালে জন্মগ্রহণ করেন প্রতুল মুখোপাধ্যায়। ছোট থেকেই



কবিতায় সুর দিতেন তিনি । কবি মঙ্গলচরণ চট্টোপাধ্যায়ের 'আমি ধান কাটার গান গাই' কবিতা দিয়ে শুরু। নিজেও লিখেছেন একাধিক গান । গান গাওয়া, লেখা, সবেতেই নিজের প্রতিভাকে ফুটিয়ে তুলেছিলেন তিনি । বলা যায় বাংলার সঙ্গীত জগতের অন্যতম উজ্জ্বল তারকা শিল্পী ছিলেন প্রতুল মুখোপাধ্যায়। তাঁর কণ্ঠে 'আমি বাংলায় গান গাই' আজও মুখে মুখে ফেরে। তাই আচমকাই শিল্পীর প্রয়াণে শোকস্তব্ধ বাংলা ।আমি কখনও অতি পরিচিতদের মৃত্যুর পর তাঁদের মুখ দেখি না। জীবিত অবস্থায় যেমন দেখেছিলাম, তেমনই আমার স্মৃতিতে রাখতে চাই। কিন্তু প্রতুলদার বিষয়টা আলাদা। তাই আসতেই হল।' প্রতুল মুখোপাধ্যায়ের সঙ্গে সম্পর্কের কথা বলতে গিয়ে মমতা বলেন, ' আমি অনেকবার বলেছিলাম, আমরা একটা ব্যবস্থা করে দিই। এতটাই দরাজ ছিলেন। আমাদের চিকিৎসকরা খুব চেষ্টা করেছিলেন, সর্বস্ব দিয়ে চেষ্টা করেছিলেন। কিন্তু শেষে আর কিছু করা গেল না। ' এসব কথা বলতে গিয়েই মমতা বন্দ্যোপাধ্যায়ের চোখে মুখে ফুটে ওঠে শোকের ছায়া ।

# ১২০ ঘণ্টায় দুশোটি গলব্লাডার স্টোনের অস্ত্রোপচার, রেকর্ড গড়ল এসএসকেএম



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

মাত্র ১২০ ঘণ্টায় প্রায় দুশোটি অস্ত্রোপচার। প্রত্যেকটি নির্ভুল। নিখুঁত। দেশের মধ্যে রেকর্ড গড়ল বাংলার এসএসকেএম হাসপাতাল ।এমন নয়া উদ্যোগের নেপথ্যে কারণ? এসএসকেএম হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, নানা কারণে হাসপাতালে অস্ত্রোপচারের রোগীর সংখ্যা বেড়ে গিয়েছিল। এদিকে প্রতিদিন নির্দিষ্ট সংখ্যক রোগীর চেয়ে বেশি সংখ্যক রোগীর অস্ত্রোপচার করাও সম্ভব নয়। তাই চাপ কমাতে চিকিৎসকরা সকলে মিলে সিদ্ধান্ত নেন, তাঁরা সকলে একসঙ্গে একাধিক অস্ত্রোপচারের করবেন। প্রত্যন্ত গ্রামের সে সব মানুষ, যাঁরা মাইক্রো সার্জারি কী জিনিস জানেন না, নার্সিংহোমে ভর্তি হওয়া তাঁদের কাছে স্বপ্নেরও অতীত। তেমন মানুষদেরই পিত্তথলির অস্ত্রোপচার হল এসএসকেএম হাসপাতালে। এর মধ্যে ১৪ বছর বয়সি নাবালক যেমন ছিল, তেমনই ছিলেন ৮০ বছর বয়সি বৃদ্ধও। সরকারি হাসপাতালের এমন উদ্যোগে খুশি রোগী ও তাঁদের পরিজনরা। তাঁদের কথা, হাসপাতালের এই উদ্যোগ সত্যিই প্রশংসনীয়। যাঁরা বলেন সরকারি হাসপাতালে নাকি চিকিৎসা হয় না, তাঁদের বলব এসএসকেএম হাসপাতালে এসে দেখে যান, সরকারি চিকিৎসা পরিষেবা কাকে বলে!মালদহ, মুর্শিদাবাদ, দুই মেদিনীপুর, বর্ধমান, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর,

এরপর ৬ পাতায়

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line - 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# কেন বারবার ভারতীয় অভিবাসীদের নিয়ে অমৃতসরেই নামছে মার্কিন বিমান?

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**




২০৫ জন অভিবাসীকে নিয়ে অমৃতসরে পৌঁছেছিল মার্কিন বায়ুসেনার বিমান। আগামী শনি-রবি, ১৫ ও ১৬ ফেব্রুয়ারি আরও দুটি বিমান নামবে সেই অমৃতসরে। আর এটা নিয়েই অভিযোগ তুলছেন বিরোধী নেতারা। তাঁদের দাবি, ইচ্ছে করেই বারবার পাঞ্জাবেই ওই বিমান অবতরণ করানো হচ্ছে উত্তেজনার বাতাবরণ তৈরি করতে৷উল্লেখ্য, ওয়াকিবহাল মহলের ধারণা ভারতীয়দের হাতে হাতকড়া, কোমরে দড়ি দেখার পরও তার প্রতিবাদ না করে সমর্থন করে আসলে নরেন্দ্র মোদি অনুপ্রবেশকারীদের নিয়ে ভারতের কড়া অবস্থান বিশ্বমঞ্চে প্রতিষ্ঠা করে এলেন। মার্কিন প্রেসিডেন্টের সামনে বুঝিয়ে দিলেন, ভারত কোনওভাবেই অনুপ্রবেশকারীদের সঙ্গে আপস করবে না। আগামী দিনে হয়তো ভারত থেকে অনুপ্রবেশকারীদের বিতাড়নের চেষ্টা হলে বিরোধিতা আরও তীব্র হত, সেক্ষেত্রে যুক্তি দেওয়া হত, আমেরিকা থেকে অনুপ্রবেশকারীদের ফেরানোর বিরোধিতা করেছিল ভারতও। সেই অস্ত্র বিরোধীদের থেকে কেড়ে নিলেন মোদি। মনে করছে ওয়াকিবহাল মহলের একাংশ।প্রসঙ্গত, ট্রাম্পের নির্দেশ মতোই আমেরিকায় চলছে ধরপাকড়। শয়ে শয়ে 'অনুপ্রবেশকারী'কে গ্রেপ্তার করছে মার্কিন পুলিশ। তাঁদের মধ্যে থেকেই ০৫ জন 'অবৈধ' ভারতীয়কে মার্কিন সেনাবাহিনীর সি-১৭ বিমানে তুলে দেওয়া হয়। ৫ ফেব্রুয়ারি সেই বিমান ভারতে এসে পৌঁছয়। এবার ফের জোড়া বিমান নামতে চলেছে অভিবাসীদের নিয়ে।

পাঞ্জাবের অর্থমন্ত্রী হরপাল সিং চিমা এই সিদ্ধান্তের তীব্র বিরোধিতা করেছেন। তাঁকে বলতে শোনা গিয়েছে, ''ভারত সরকার পাঞ্জাবকে কলঙ্কিত করতেই বারবার আমেরিকা থেকে বিমানগুলিকে অমৃতসরে নামাতে চাইছে। কেন এই সব বিমান হরিয়ানা বা গুজরাটে পাঠানো হচ্ছে না? এটা পরিষ্কার যে, বিজেপি পাঞ্জাবকে টার্গেট করছে। অথচ এই বিমানগুলি আহমেদাবাদে নামার কথা।''একই কথা বলছেন কংগ্রেস বিধায়ক প্রগত সিংও। তাঁকে বলতে শোনা গিয়েছে, ''দুর্ভাগ্যজনক। হ্যাঁ, এই অভিবাসীদের মধ্যে পাঞ্জাবের বাসিন্দারা রয়েছেন। কিন্তু কেন অন্য রাজ্যে সেই বিমান নামবে না? প্রধানমন্ত্রী মোদি তো আমেরিকায় গেলেন। ওঁর তো উচিত ছিল মার্কিন প্রশাসনের কাছে জানতে চাওয়া যে, কেন আমাদের তরুণদের হাতে হাতকড়া পরিয়ে, পায়ে শেকল বেঁধে দেশে ফেরত পাঠানো হচ্ছে।''

(৫ পাতার পর)

## ১২০ ঘণ্টায় দুশোটি গলব্লাডার স্টোনের অস্ত্রোপচার, রেকর্ড গড়ল এসএসকেএম

পুরুলিয়া, বাঁকুড়া, দার্জিলিং-সহ সমস্ত জেলা থেকে গলব্লাডার স্টোনের রোগীরা এসেছিলেন এসএসকেএমে।গত পাঁচদিনের এসএসকেএম যেন অস্ত্রোপচারের কুম্ভ! এসএসকেএম হাসপাতালের ডিরেক্টর মণিময় বন্দ্যোপাধ্যায়, জেনারেল সার্জারি বিভাগের বিভাগীয় প্রধান ডা. অভিমন্যু বসু, অধ্যাপক ডা. দীপ্তেন্দ্র সরকার-সহ শল্যচিকিৎসা বিভাগের সমস্ত চিকিৎসক হাতে হাত মিলিয়েছিলেন এই অসম্ভবকে সম্ভব করতে। এমনভাবে রস্টার সাজানো হয়েছিল, যেন এই নয়া রেকর্ডের ভাগীদার হতে পারেন সকলে। প্রত্যেকেই একাধিক অস্ত্রোপচার 'পারফর্ম' করেছেন বিগত পাঁচদিনে।

বৃহস্পতি-শুক্রবার ছিল সরকারি ছুটি। সরকারি অন্যান্য পেশার কর্মচারীরা যেখানে ছুটি উপভোগ করেছেন, এসএসকেএম হাসপাতালের জেনারেল সার্জারি বিভাগের চিকিৎসকরা হাতে তুলে নিয়েছিলেন স্কালপেল-নিসট্রাক্টরস-ফরশেপ।এই মুহূর্তে বাংলার সেন্টার অফ এক্সেলেন্স এসএসকেএম। দেশের অন্যান্য রাজ্যের চেয়ে বাংলার চিকিৎসা ব্যবস্থা যে সত্যিই এগিয়ে ফের একবার প্রমাণ দিল নয়া রেকর্ড। এসএসকেএম হাসপাতালে শল্য চিকিৎসা বিভাগের অধ্যাপক ডা. দীতেন্দ্র সরকার জানিয়েছেন, গলব্লাডার স্টোনের ক্ষেত্রে করা হয়েছে। চেষ্টা করা হবে আগামীতে অন্যান্য ক্ষেত্রেও করার। এসএসকেএম হাসপাতাল বাংলার ডাক্তারদের কুম্ভ। সরকারের সহযোগিতা ছাড়া এমনটা হওয়া সম্ভব ছিল না।

## সন্ত শিরোমণি গুরু রবিদাসের জন্মবার্ষিকী পালিত হল



**রাজ কুমার যাদব**

**কলকাতা।** প্রতি বছরের মতো, বাবা সাহেব জন কল্যাণ সমিতি কলকাতা (পশ্চিমবঙ্গ) এর সদস্যরা এ বছরও হাতি বাগান ডালিম তল্লায় অত্যন্ত উৎসাহের সাথে সন্ত শিরোমণি জগৎ গুরু রবিদাস জির ৬৪৮ তম জন্মবার্ষিকী উদযাপন করেছেন। এই সময় সভাপতি রামদিন, সহসভাপতি কিশোর, বিনোদ, শিবু, চন্দন, সন্তোষ কুমার, কানহাইয়া, রোহিত হেলা, মহেশ ভারতী, অশোক দাস, শচীন্দ্র সিং, সন্তোষ সিং উপস্থিত ছিলেন। মিডিয়া ইনচার্জ বিজয় হেলা বলেন, সন্ত শিরোমণি জগৎ গুরু রবিদাসের মূল মন্ত্র হল মন চঙ্গা তো কঠৌতী মেং গঙ্গা। তিনি জানান, ডঃ ভীমরাও আম্বেদকর যুব সংঘ ক্লাব কর্তৃক সন্তসঙ্গটি আয়োজন করা হয়েছিল। রামজি, দুলাল, মিঠুন, নির্মল এবং আরও অনেক সঙ্গীর সহায়তায় অনুষ্ঠানটি সফল করা হয়েছিল। বিজয় হেলা বলেন, সোশ্যাল ফ্রেন্ড ক্লাব (হরিজন সংঘ ক্লাব) রবিদাস জয়ন্তীতে একটি বিশাল শোভাযাত্রা বের করে এবং শিশু, বৃদ্ধ, যুবক এবং বিপুল সংখ্যক মহিলা এই শোভাযাত্রায় অংশগ্রহণ করে এবং শোভাযাত্রাটি মহা জাঁকজমক ও উৎসাহের সাথে ডালিমে ফিরে আসে। মেঝেতে পৌঁছে গেল। হাজার হাজার মানুষের জন্য একটি বিশাল ভোজেরও আয়োজন করা হয়েছিল। এই অনুষ্ঠানে দীননাথ দাস, বীরু দাস, ভিকি দাস, রাহুল, পিন্টু, সোনু, বিশাল, আমান, অনিল, করণ, সৌরভ, সুরজ, অর্জুন, বিনোদ, অশোক, চন্দন, রাজু, বিবেক, অভিনশান, গোবিন্দ, তুষার, রাহুল, অনিল, রাজা, রঞ্জিত, গুড্ডু এবং রোহিত উপস্থিত ছিলেন। বিজয় হেলা বলেন, সংবিধান আমাদের গ্রন্থ; এটি দেশের শক্তি।

# সিনেমার খবর

## সাইফের ঘটনা সাজানো, কারিনা নেপথ্যে!



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

বলিউড অভিনেতা সাইফ আলী খানের ওপর হামলার পর থেকেই শুরু হয়েছে নানা জল্পনা। আবার এই হামলাকে কেন্দ্র করে আসছে নিত্য নতুন তথ্যও। আবার অনেকে উদ্ভট কিছু বিষয়ও দাবি করে বসছেন! পাঁচ দিনের মাথায় হাসপাতাল থেকে যখন সাইফকে ছেড়ে দেওয়া হয়, তখন তার চেহারা দেখে চমকে ওঠেন সকলে। হাতের কব্জি ও ঘাড়ের কাছে ব্যান্ডেজ ছাড়া সারা শরীরে ক্ষতের কোনো চিহ্ন নেই। চোখে-মুখে উজ্জ্বলতা দেখে সন্দেহের দানা বাঁধে অনেকের মনে। কেউ কেউ এই ঘটনাকে সাজানো বলেও অভিহিত করেন!

এবার সইফ-কাণ্ডে চুরির ঘটনা সব সাজানো বলে দাবি করেছেন এক অভিনেতা। তিনি জানান নেপথ্যে রয়েছেন স্ত্রী কারিনা কাপুরই!

বলিউডে ছোট-বড় যে কোনো বিষ নিয়ে প্রায়ই মতপ্রকাশ করে থাকেন অভিনেতা তথা স্বঘোষিত চিত্র সমালোচক কমল আর খান। নিজের এই কথার জন্য একাধিকবার আইনি বিড়ম্বনায়ও পড়তে হয়েছে কমল আর খানকে। এবার সাইফকে মাত্র পাঁচ দিনে পায়ে হেঁটে বাড়ি ফিরতে দেখে সন্দেহ প্রকাশ করেন তিনি।

কমলের কথায়, 'সাইফকে ছয় বার ছুরি দিয়ে কোপানো হলো আর হামলাকারীকে একটা আঁচড় পর্যন্ত দেননি সাইফ! যাকে গ্রেপ্তার করা হয়েছে তার সঙ্গে সিসিটিভি ফুটেজে ধরা পড়া ব্যক্তি মুখেরও কোনো মিল নেই। তাই আমার মনে হয় সে রাতে ওদের বাড়িতে কেউ আসেনি, আর এটা সাইফ-কারিনার ঝগড়ার পরিণতি।'

যদিও কমলের এই দাবি কেউ বিশেষ পাত্তা দিতে নারাজ। উলটো তাকে নিয়ে অনেকের মত- শুধু দৃষ্টি আকর্ষণ করতেই এমন মন্তব্য করেছেন তিনি।

## আসছে শাহরুখের 'ম্যায় হু না'র সিক্যুয়েল

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



দীর্ঘ চার বছর বিরতির পর ২০২৩ সালে তিনটি ব্লকবাস্টার নিয়ে ফেরেন বলিউড কিং শাহরুখ খান। দর্শকদের উপহার দেন 'ডানকি', 'জওয়ান' ও 'পাঠান'।

এরই মধ্যে শাহরুখ ভক্তদের জন্য এলো সুখবর। শোনা যাচ্ছে, শাহরুখের সাড়া জাগানো ছবি 'ম্যায় হু না'র দ্বিতীয় কিস্তি আসছে। ২০০৪ সালে 'ম্যায় হু না'য় পরিচালক ফারহা খানের সঙ্গে প্রথমবারের মতো কাজ করেন শাহরুখ। এবার ফারহা'র পরিচালনায় আসছে দ্বিতীয় কিস্তি। কিন্তু ছবিটিতে শাহরুখ থাকবেন কিনা, তা নিয়ে রয়েছে প্রশ্ন।

পিঙ্কভিলার এক প্রতিবেদন অনুসারে, 'ম্যায় হু না টু' তৈরি নিয়ে উচ্ছ্বসিত শাহরুখ খান। তবে তিনি সিনেমার চিত্রনাট্য শেষ হওয়ার অপেক্ষায় রয়েছেন। তিনি ২০২৫ সালের মাঝামাঝি সময়ে প্রথম খসড়াটি শুনবেন, এবং তারপরেই অভিনয়ের সিদ্ধান্ত নেবেন বলে আশা করা হচ্ছে।

শাহরুখ খান ও ফারাহ খান ম্যায় হুঁ না, ওম শান্তি ওম এবং হ্যাপি নিউ ইয়ার ছবিতে একসঙ্গে কাজ করেছেন। যদি সিক্যুয়েলটি তৈরি হয়, তাহলে এটি তাদের চতুর্থ ছবি হবে।

## আমির খানের জীবনে নতুন প্রেমের গুঞ্জন



আমির খান

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

বলিউডে খান ভাইদের নিয়ে বরাবরই আগ্রহ ভক্তদের। তাদেরকে নিয়ে নেটিজেনরা বেশ আলোচনা করে থাকেন। সেই তালিকায় এবার যুক্ত হলেন অন্যতম অভিনেতা আমির খান। এর আগেও দু'বার বিবাহ বিচ্ছেদ হয়েছে তার।

কিছু দিন আগে প্রেমের গুঞ্জন উঠেছিল সহ অভিনেত্রী ফতিমা সানা শেখের সঙ্গেও। প্রায়ই শোনা যায়, আমির এবং ফাতিমা ডেটিং করছেন। তবে, দিনকয়েক ধরেই ইন্ডাস্ট্রির অন্দরে নতুন চর্চা। ৫৯ বছর বয়সি আমির খানের জীবনে আবারও নাকি নতুন প্রেম এসেছে।

পিঙ্কভিলা'র রিপোর্ট অনুযায়ী, আমির খান আবারও প্রেমে পড়েছেন। এবং তিনি এক রহস্যময়ীর সঙ্গে ডেটিংও করছেন। কিন্তু প্রশ্ন, কে সেই নারী? ভারতীয় গণমাধ্যমের এক প্রতিবেদনে বলা হয়, 'অভিনেতা ইতোমধ্যেই তার পরিবারের সঙ্গে প্রেমিকার পরিচয়ও করিয়ে দিয়েছেন।'

প্রতিবেদনে আরও বলা হয়, আমির খান এবার যার প্রেমে পড়েছেন, তিনি বেঙ্গালুরুতে থাকেন এবং বলিউড ইন্ডাস্ট্রির সঙ্গে তার কোনও সম্পর্কও নেই। আমির খানের নতুন সঙ্গীর নাম গৌরী।

তবে আমির খান এখনও তার সম্পর্ক নিয়ে কোনও মন্তব্য করেননি। গৌরীর সঙ্গে সম্পর্ক নিয়ে আনুষ্ঠানিকভাবে আমির কিছু প্রকাশ্যে না আনায়, অনেকেই মনে করছেন বিষয়টি হয়ত গোপনই রাখতে চান অভিনেতা। প্রেমের সপ্তাহ শুরুর আগেই আমিরের জীবনে নতুন প্রেমের ইঙ্গিত ভক্তদেরও চমকে দিয়েছে।

## চ্যাম্পিয়ন্স ট্রফি

# ফাইনালে ভারত-পাকিস্তান মহারণ দেখছেন শোয়েব আখতার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

পাকিস্তান ও সংযুক্ত আরব আমিরাতে শুরু হতে যাওয়া হাইব্রিড মডেলের আইসিসি চ্যাম্পিয়নস ট্রফি টুর্নামেন্ট নিয়ে ভবিষ্যদ্বাণী করার লোভ যেন সংবরণ করতে পারলেন না শোয়েব আখতার। জানিয়ে দিয়েছেন, কোন দলগুলো সেমিফাইনাল ও ফাইনাল খেলবে।


শোয়েব আখতার

বিশ্বের দ্রুততম গতির পেসার অবশ্য চার নয়, তিন দলের নাম জানিয়েছেন। দুবাইয়ে সংবাদমাধ্যমকে পাকিস্তানের সাবেক পেসার বলেছেন, 'বিশ্বাস করি, ২০২৫ চ্যাম্পিয়নস ট্রফির সেমিতে পাকিস্তান, ভারত ও আফগানিস্তান খেলবে।' দল হিসেবে খেলতে পারলে আফগানিস্তান চমক দেখাবে বলে মনে করেন শোয়েব। ৪৯ বছর বয়সী পেসার বলেছেন, 'আফগানরা যদি দল হিসেবে খেলতে পারে তারা সেমিফাইনালে খেলবে। দল হিসেবে তারা ম্যাচিউরিটি এবং ব্যাটাররা ধৈর্য্যের পরীক্ষায় পাস করলে চমকজাগানিয়া ফল দেখাতে পারে।'

সেই লড়াই নিয়ে দুই ভাগ হয়ে যান ক্রিকেটারসহ ক্রীড়াপ্রেমীরা। তবে একটা সাধারণ বিষয় থাকে তা হচ্ছে নিজ দলের জয়ের পক্ষে বাজি ধরা। শোয়েবও তাই করেছেন। পাকিস্তানের কাছে ভারত হারলেও তার মতে দুই দলই আবার ফাইনালে মুখোমুখি হবে।

সঙ্গে এমনটিও জানিয়েছেন শোয়েব, ভারত ও নিউজিল্যান্ডকে যদি হারাতে পারে তাহলে চ্যাম্পিয়ন হওয়ার অর্ধেক কাজ হয়ে যাবে পাকিস্তানের।

তিনি বলেছেন, 'আশা করি, ২৩ ফেব্রুয়ারি ভারতকে হারাবে পাকিস্তান। তবে এটাও বিশ্বাস করি, ভারত-পাকিস্তান টুর্নামেন্টের ফাইনালেও খেলতে পারে। আর ভারত-নিউজিল্যান্ডকে হারাতে পারলে পাকিস্তানের চ্যাম্পিয়ন হওয়ার অর্ধেক কাজ হয়ে যাবে।'

# অবসরের ঘোষণা কিংবদন্তি মার্সেলোর


রিয়ালের ব্রাজিলিয়ান ডিফেন্ডার মার্সেলো

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

পেশাদার ফুটবলকে বিদায় বলেছেন ব্রাজিলের সাবেক রিয়াল মাদ্রিদ কিংবদন্তি মার্সেলো। ফুটবলার হিসেবে ক্যারিয়ার শেষ হলেও ফুটবলে তার অনেক কিছু দেওয়ার আগে বলে অবসর বার্তায় জানিয়েছেন লস ব্লাঙ্কোস এই ডিফেন্ডার।

মার্সেলো ভিডিও বার্তায় অবসর ঘোষণায় বলেন, '১৮ বছর বয়সে রিয়াল মাদ্রিদ আমার দরজায় কড়া নাড়ে এবং আমি ব্লাঙ্কোস হয়ে যাই। আমি গর্বের সঙ্গে এখন বলতেই পারি, আমি প্রকৃত মাদ্রিলিনো। স্ত্রী ছাড়াও বার্নাব্যুতে আমার একটি পরিবার ছিল। ১৬ মৌসুম, ২৫ শিরোপা, যার ৫টি চ্যাম্পিয়ন্স লিগ, একটি আবার অধিনায়ক হিসেবে, বার্নাব্যুতে অনেক জাদুকরী রাত কেটেছে। কী অসাধারণ যাত্রা! ফুটবলার হিসেবে আমার পথ এখানেই ফুরলো।'

পেশাদার ফুটবল ছাড়লেও ফুটবলের সঙ্গে থাকতে চান মার্সেলো। গুঞ্জন ছিল, কোচিংয়ে ক্যারিয়ার শুরু করবেন তিনি। আবার ক্লাবের পরিচালনা পর্ষদেও দেখা যেতে পারে তাকে। অবসর বার্তায় দিয়েছেন ওই ইঙ্গিতও, 'এখনো ফুটবলে আমার দেওয়ার আছে অনেক কিছু। ধন্যবাদ।'

মার্সেলো ব্রাজিলের ক্লাব ফ্লুমিনেন্সে দুই মৌসুম খেলে রিয়াল মাদ্রিদে যোগ দেন। রিয়ালে ১৬ মৌসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে ৫৪৬ ম্যাচ খেলে ৩৮ গোল করেছেন তিনি। রিয়ালের সঙ্গে চুক্তি শেষে গ্রিক ক্লাব অলিম্পিয়াকোসে যোগ দেন। সেখান থেকে পুনরায় ফ্লুমিনেন্সে ফেরেন। কিন্তু স্বদেশি ক্লাবে দ্বিতীয় মৌসুমে কোচের সঙ্গে ঝামেলায় জড়িয়ে চুক্তি বাতিল হয় তার। এরপর ফ্রি এজেন্ট থাকা ৩৬ বছর বয়সী ফুটবলার অবসরের পথেই হেঁটেছেন।

মার্সেলো ব্রাজিলের হয়ে ১২ মৌসুমে ৫৮ ম্যাচ খেলে ৬ গোল করেছেন। রিয়ালে তিনি ৬টি লা লিগা, ৫টি চ্যাম্পিয়ন্স লিগ জিতেছেন। ব্রাজিলে জিতেছেন কোপা লিবার্তোদোস। ব্রাজিলের হয়ে কনফেডারেশন কাপ ও দুটি অলিম্পিক মেডেল আছে তার।

# চ্যাম্পিয়ন্স ট্রফির আগে অবসরে স্টয়নিস




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

হঠাৎ করেই ওয়ানডে ক্রিকেট থেকে অবসরের ঘোষণা দিয়েছেন অস্ট্রেলিয়ার অলরাউন্ডার মার্কাস স্টয়নিস। আগামী ১৯ ফেব্রুয়ারি থেকে শুরু হতে যাওয়া চ্যাম্পিয়ন্স ট্রফিতে খেলার সম্ভাবনা থাকলেও তিনি নিজেকে সরিয়ে নিয়েছেন।

৩৫ বছর বয়সী স্টয়নিস এখন থেকে শুধুমাত্র টি-টোয়েন্টি ফরম্যাটে মনোযোগ দেবেন। ওয়ানডে ক্যারিয়ারে ৭১ ম্যাচে ২৬.৬৯ গড়ে ১,৪৯৫ রান করেছেন তিনি। তার সেরা ইনিংস ছিল ২০১৭ সালে নিউজিল্যান্ডের বিপক্ষে অপরাজিত ১৪৬ রান। পাশাপাশি বল হাতে ৪৩.১২ গড়ে ৪৮ উইকেট নিয়েছেন।

অবসর ঘোষণায় স্টয়নিস বলেছেন, অস্ট্রেলিয়ার হয়ে ওয়ানডে ক্রিকেট খেলা আমার জন্য অসাধারণ একটি অভিজ্ঞতা ছিল। দেশের প্রতিনিধিত্ব করাটা ছিল গর্বের, যা আমি সারাজীবন মনে রাখবো। এই সিদ্ধান্ত নেওয়া সহজ ছিল না, তবে মনে করি এখনই সরে দাঁড়ানোর সঠিক সময়। আমি আমার ক্যারিয়ারের পরবর্তী অধ্যায়ে পুরোপুরি মনোযোগ দিতে চাই।

স্টয়নিস আরও বলেন, অ্যান্ড্রু ম্যাকডোনাল্ডের (অস্ট্রেলিয়ার কোচ) সঙ্গে আমার দারুণ সম্পর্ক রয়েছে। তার সমর্থনের জন্য আমি কৃতজ্ঞ। পাকিস্তানে দলের প্রতি আমার সমর্থন থাকবে।

২০২৩ ওয়ানডে বিশ্বকাপে অস্ট্রেলিয়ার স্কোয়াডে ছিলেন স্টয়নিস। বিশেষ করে পাকিস্তানের বিপক্ষে ম্যাচে তিনি বল হাতে দারুণ পারফরম্যান্স দেখান। তবে বিশ্বকাপের পর মাত্র একটি ওয়ানডে খেলেছেন, সেটিও পাকিস্তানের বিপক্ষে। গেল বছর ক্রিকেট অস্ট্রেলিয়ার কেন্দ্রীয় চুক্তিতে না থাকলেও ক্যামেরন গ্রিনের অনুপস্থিতিতে চ্যাম্পিয়ন্স ট্রফির দলে সুযোগ পেয়েছিলেন।

অস্ট্রেলিয়ার প্রধান কোচ অ্যান্ড্রু ম্যাকডোনাল্ড স্টয়নিসের বিদায়ে প্রশংসা করে বলেন, গত এক দশকে তিনি আমাদের ওয়ানডে দলের গুরুত্বপূর্ণ সদস্য ছিলেন। শুধু দুর্দান্ত খেলোয়াড়ই নন, ড্রেসিং রুমেও তার জনপ্রিয়তা ও নেতৃত্বগুণ অসাধারণ। তার ওয়ানডে ক্যারিয়ার ও অর্জনকে আমরা শ্রদ্ধার সঙ্গে বিদায় জানাই। ওয়ানডে থেকে বিদায় নিলেও স্টয়নিস এখন থেকে টি-টোয়েন্টি ক্রিকেটে নিজের ক্যারিয়ার এগিয়ে নিতে চান।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 19D, Jamir Lane, Kolkata- 700019 & 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR